

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ  
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)  
www.gopalganj.gov.bd

স্মারক নং ৫১.০১.৩৫০০.০০০.৪১.০০২.২৩-৬৭০

তারিখ: ২৬/০৯/২০২৩খ্রি।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত নগদ অর্থ (টাকা) ও খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ।

সূত্র : (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.২৫১; তারিখ: ১৪/০৮/২০২৩খ্রি।  
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটালীপাড়া এর স্মারক নং-৫১.০১.৩৫৫১.০০৩.৪২.০২২.২৩-৬৬৯; তারিখ: ২৪/০৯/২০২৩খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে কোটালীপাড়া উপজেলা হতে প্রাপ্ত প্রকল্পসমূহ ২৫/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত জেলা কর্তৃক কমিটি সভায় অনুমোদন হয়। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির পরিপত্র এবং বরাদ্দপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের নিমিত্ত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া এর অনুকূলে বর্ণিত পরিমাণ নগদ অর্থ/(টাকা) খাদ্যশস্য (চাল/গম) উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক<br>নং- | উপজেলার নাম | স্মারক নং- ও তারিখ | বরাদ্দকৃত<br>নগদ অর্থ/ খাদ্যশস্যের পরিমাণ |              | প্রকল্পের সংখ্যা |
|---------------|-------------|--------------------|---|--------------|------------------|
|               |             |                    | ১   | ২            |                  |
| ১।            | কোটালীপাড়া | ৬৬৯<br>২৪/০৯/২০২৩  | অর্থ                                      | ৭৬,০৯,৭৩৫/-  | ২৪টি             |
| ২।            |             |                    | চাল                                       | ৩৬.৭১৩৫মে:টন | ০৭টি             |
| ৩।            |             |                    | গম  | ৩৬.৭১৩৫মে:টন | ০৭টি             |

২। এ ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (অর্থ), ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে ব্যয় নির্বাহ করতে হবে।

শর্তাবলী:-

- ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০/০৯/২০২৩খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ- ৩.৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
- নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
- গৃহীত প্রকল্প সরেজমিন পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।
- উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।
- নিরীক্ষার জন্য বরাদ্দকৃত অর্থের হিসাব, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করতে হবে;
- প্রকল্পের বাস্তবায়ন কাজের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;

সংযুক্তি: অনুমোদিত তালিকা।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

২৬.৯.২০২৩  
কাজী মাহবুবুল আলম  
জেলা প্রশাসক  
গোপালগঞ্জ  
ফোন : ০২-৪৭৮৮২১৭২০ (অফিস)  
Email: dcgopalganj@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
- ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোটালীপাড়া, গোপালগঞ্জ;